জেন্ডার টিপ শিট – আশ্রয়ন (Shelter)

কার্যকর কর্মসূচি চালানোর জন্য এবং সুবিধাভোগীদের প্রয়োজনমত সাড়া দিতে হলে প্রতিটি সেক্টরের মধ্যে এবং সেক্টরগুলোর পরস্পরের সাথে সমন্বয় থাকা জরুরি। আর্ত মানবতার সেবায় পরিচালিত কর্মকাণ্ডে জেন্ডারকে অন্তর্ভুক্ত করার প্রশ্নে যৌথ পরিকল্পনা - লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা-ভিত্তিক তথ্য (SADDD) সংগ্রহ, বিশ্লেষণ ও এর ওপর প্রতিবেদন তৈরি; জাতিসংঘের অঙ্গসংস্থা, আন্তর্জাতিক সংস্থা, এনজিও ও স্থানীয় নাগরিক সমাজের মধ্যে তথ্য বিনিময় ও সহযোগিতা; ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ের সব পক্ষের কার্যকর ও সমান অংশগ্রহণকে উৎসাহিত করা; এবং মূল্যায়ন, সহায়তা সরবরাহ ও পরিষেবা সরবরাহকারী দলগুলোতে জেন্ডার ভারসাম্য নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আশ্রয়ন কর্মসূচির (Shelter) প্রতিটি কর্মক্ষেত্র নিয়ে তৈরি এই টিপ শিটটি সম্ভাব্য মূল সুপারিশসমূহের সংক্ষিপ্তসার। জেন্ডার-সংবেদনশীল কর্মসূচি কীভাবে বাস্তবায়ন করা যায়, তার ব্যবহারিক নির্দেশিকা হিসেবে এটিকে ব্যবহার করা যেতে পারে।

আশ্রয়ন (Shelter)	
নিডস এসেসমেন্ট ও বিশ্লেষণ	➢ **লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক উপাত্ত (SADDD)** সংগ্রহ ও বিশ্লেষণ করুন। আশ্রয়ন সংক্রান্ত ভিন্ন ভিন্ন চাহিদা, সক্ষমতা, প্রতিবন্ধকতা বোঝার জন্য অংশগ্রহণমূলক জেন্ডার অ্যানালাইসিস পরিচালনা করুন। বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদেরকে চিহ্নিত করুন। জেন্ডার অ্যানালাইসিস পরিচালনা করার ক্ষেত্রে নিচের বিষয়গুলো বিবেচনা করুন: ↳ জনমিতি। যেমন - পরিবারের গড় সদস্যসংখ্যা কত, একটি পরিবার কীভাবে পরিচালিত হয়, সঙ্কট শুরুর পর থেকে পারিবারিক কাঠামোয় পরিবর্তন হয়েছে কিনা ইত্যাদি বিষয় জানুন। ↳ জেন্ডারভিত্তিক ভূমিকা ও ক্ষমতার বিশ্লেষণ। যেমন - পরিবারের মধ্যে কে বিভিন্ন গৃহস্থালী কাজের জন্য দায়িত্বপ্রাপ্ত এবং আশ্রয়নের অবস্থান এবং এনএফআইয়ের (NFI) জন্য তাদের প্রয়োজনীয়তাগুলো কি কি; আশ্রয়নে/এনএফআই-এ ব্যয়ের সিদ্ধান্ত কে নেন, তা জানার

	চেষ্টা করুন। ↳ জেন্ডার এবং সাংস্কৃতিক রীতিনীতি ও চর্চা। যেমন - ঘরে লিঙ্গ ও বয়স ভিত্তিক গোপনীয়তার ব্যবস্থা কেমন, সাংস্কৃতিকভাবে উপযুক্ত পোশাক এবং অন্যান্য এনএফআই (NFI) কি কি হতে পারে তা বিবেচনায় নিন। ↳ সুরক্ষা। যেমন - কোন কোন পরিবার বাড়িঘর তৈরি অথবা উন্নত করতে সক্ষম নাও হতে পারে। এমন পরিবারকে বিবেচনায় নিন। নারী কিংবা শিশুর উপার্জনের উপর নির্ভরশীল পরিবারের জন্য বিশেষভাবে প্রয়োজনীয় নিরাপত্তার বিষয়টি বিবেচনায় নিন। ↳ ইন্টারসেকশনাল বিষয়সমূহ চিহ্নিতকরণ। যেমন - এনএফআই পাওয়ার ক্ষেত্রে মেয়ে শিশুর উপার্জনের উপর নির্ভরশীল পরিবারের জন্য অতিরিক্ত প্রতিবন্ধকতার বিষয়টি বিবেচনা করুন। ➢ আশ্রয়ন সহায়তা সেবার ঘাটতিগুলো শনাক্ত করতে একটি অংশগ্রহণমূলক জেন্ডার অ্যানালাইসিস পরিচালনা করুন। ↳ আশ্রয়নের নকশা, নিরাপত্তা ও অবস্থান। যেমন - দরজা ও জানালা বন্ধ করার ব্যবস্থা (তালা মারা) আছে কিনা; ঘরের নকশা ও অবস্থান প্রতিবন্ধীবান্ধব কিনা; পরিষেবা কেন্দ্র থেকে আশ্রয়নের দূরত্ব কতটুকু; আশ্রয়কেন্দ্রের ভিতরে ব্যক্তিগত গোপনীয়তা বজায় রাখার ব্যবস্থা আছে কিনা ইত্যাদি বিষয় বিবেচনায় রাখুন। ↳ জেন্ডার-নির্দিষ্ট চাহিদা। শিশু ও নারীবান্ধব কেন্দ্রের উপস্থিতি; আশ্রয়ন নির্মাণ/রক্ষণাবেক্ষণের জন্য দুর্বল জনগোষ্ঠীর জন্য সহায়তা নিশ্চিত করুন। ↳ এনএফআই বিতরণ এবং তার ধরন। এনএফআই বিতরণের জন্য উপযুক্ত সময় ও স্থান; সাংস্কৃতিকভাবে উপযুক্ত উপকরণ/ এনএফআই; নারী ও শিশুদের বহনযোগ্য এনএফআই নিশ্চিত করার বিষয়টি বিবেচনায় রাখুন। ↳ আশ্রয়নকর্মী। যেমন - সুনির্দিষ্ট প্রশিক্ষণের চাহিদা নির্ণয় করুন। জেন্ডার সম্পর্কিত জ্ঞান আছে কিনা, তা যাচাই করুন। কর্মী ও স্বেচ্ছাসেবীদের জন্য পিএসইএ আচরণবিধি প্রণয়ন করুন। নারী কর্মীদেরকে প্রশিক্ষণ দিন। নারীবান্ধব কর্মপরিবেশের জন্য সুপারিশ করুন। কর্মী নিয়োগের সময় রেফারেন্সগুলো ভালোমতো যাচাই করুন।

	↳ আশ্রয়ননীতি। যেমন - বাড়িঘর পরিচালনা ও বাড়ি নির্মাণের নীতি/পরিকল্পনায় জেন্ডারভিত্তিক বিবেচ্য বিষয়সমূহ (উপরে বর্ণিত বিষয়সমূহ) বিবেচনা করা হয়েছে কিনা, যাচাই করুন। ➢ লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য (SADDD) বিশ্লেষণ করুন এবং সবার সাথে পরামর্শ করে জেন্ডার অ্যানালাইসিস পরিচালনা করুন। যেমন - লিঙ্গ পৃথকীকৃত ফোকাস গ্রুপ ডিসকাশন; সবার অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে আলোচনার জন্য উপযুক্ত সময়, স্থান ও অন্যান্য সুবিধা নিশ্চিত করুন।
কৌশলগত পরিকল্পনা	➢ লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য (SADDD) ব্যবহার করে পরিকল্পনার নথিপত্র এবং পরিস্থিতির মূল্যায়ন সংক্রান্ত প্রতিবেদনগুলোতে জেন্ডার অ্যানালাইসিস প্রতিফলিত করুন। ➢ এই কর্মসূচি পরিকল্পনার জন্য দূর্বল জনগোষ্ঠীসহ সবার সাথে পরামর্শ করুন, যাতে গৃহীত কর্মসূচিগুলো তাদের চাহিদা পূরণ করতে পারে। ➢ আশ্রয়ন ও এনএফআইতে সমান অধিকার নিশ্চিত করুন, যা সবার চাহিদা মেটানোর পাশাপাশি সামাজিক-সাংস্কৃতিক ক্ষেত্রও বিবেচনা করবে। ↳ আশ্রয়নের নকশা ও নির্মাণ। যেমন - বিশেষ চাহিদাসম্পন্ন জনগোষ্ঠীর জন্য নির্মাণ ও রক্ষণাবেক্ষণ সহায়তা নিশ্চিত করুন। যার যার প্রয়োজন অনুযায়ী বাড়ির নকশা তৈরি করুন। ↳ এনএফআই (NFI) বরাদ্দ ও বিতরণ। যেমন - জেন্ডার-নির্দিষ্ট চাহিদা ও অন্যান্য ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর চাহিদা অনুযায়ী এনএফআই সামগ্রী বিতরণ করুন। বিতরণের সময়, অবস্থান ও নিরাপত্তা এমনভাবে নির্ধারণ করুন, যেন তা নারী ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উপযুক্ত ও সুবিধাজনক হয়। বিতরণকেন্দ্রে নারী ও পুরুষের জন্য পৃথক সারি করুন এবং একই লিঙ্গের প্রতিনিধি দ্বারা বিতরণের ব্যবস্থা করুন। ↳ আশ্রয়ন ব্যবস্থাপনায় সবার সমানভাবে অংশগ্রহণের ক্ষেত্রে বাধাগুলো দূর করতে সুরক্ষা, জিবিভিসহ অন্যান্য সেক্টরের সাথে যৌথভাবে কাজ করুন।

	↳ কমিউনিটি সচেতনতা ও সামাজিক আচরণবিধির পরিবর্তন। যেমন - আশ্রয়ন সম্পর্কিত পরিবারের কাজ নারী ও পুরুষের মাঝে ভাগ করে নেয়ার বিষয়ে সমাজে সচেতনতা তৈরি করুন; পরিবারের সদস্য, জনসাধারণ ও গুরুত্বপূর্ণ ব্যক্তিদের মধ্যে জেন্ডার-সংবেদনশীলতা সৃষ্টি করুন। ↳ আশ্রয়ন সেক্টরে সবার অংশগ্রহণের প্রতিবন্ধকতাগুলো দূর করুন। যেমন - নারীদের অংশগ্রহণ নিশ্চিত করার বিধান রাখুন। আশ্রয়ন সংক্রান্ত সিদ্ধান্তে নারীর অংশগ্রহণের গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করুন। নারী ও পুরুষ উভয়ের জন্য আশ্রয়ন নির্মাণ দক্ষতা বাড়াতে প্রশিক্ষণের সমান বিধান রাখুন। ➢ সবার আচরণগত পরিবর্তন পরিমাপের জন্য সূচক তৈরি করুন। ↳ লিঙ্গ ও বয়সভিত্তিক সূচক তৈরি করুন, যেন বিভিন্ন জনগোষ্ঠীর মধ্যে পার্থক্যগুলো বোঝা যায় এবং সেগুলো নিয়ে কাজ করা যায়। ↳ কার্যক্রম পরিকল্পনায় জেন্ডার-সংবেদনশীলতা নিশ্চিত করতে গ্যাম (GAM) অনলাইন টুল ব্যবহার করুন।
সম্পদের ব্যবহার	➢ লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য (SADDD) ব্যবহার করে সবার বিশেষ চাহিদাগুলো আশ্রয়ন সেক্টরের কাছে পৌঁছে দিন, যেন সেগুলো অগ্রাধিকারের ভিত্তিতে বাস্তবায়ন করা হয়। ↳ লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য (এসএডিডি), জেন্ডার দৃষ্টিকোণ থেকে তথ্য ও মূল বার্তা প্রস্তুত কিংবা পর্যালোচনায় সহায়তা দিতে পারে জেন্ডার হাব। ➢ আশ্রয়ন সেক্টরে জেন্ডার সংক্রান্ত তহবিলের স্বল্পতা নিয়ে নিয়মিত প্রতিবেদন তৈরি করুন এবং এই প্রতিবেদনের ভিত্তিতে সরকার ও দাতা সংস্থার সাথে জেন্ডার তহবিল বরাদ্দের জন্য সুপারিশ করুন। ➢ আশ্রয়ন সেক্টরের কার্যক্রম তৈরির সময় গ্যাম (GAM) অনলাইন টুল ব্যবহার করে জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়নে এই সেক্টরের অবদান নিশ্চিত করুন।
প্রকল্প বাস্তবায়ন ও	➢ আশ্রয়ন সংক্রান্ত প্রকল্প ও কার্যক্রম সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ,

পর্যবেক্ষণ	বাস্তবায়ন ও পর্যবেক্ষণে নারী ও পুরুষের সমান ও অর্থবহ অংশগ্রহণ নিশ্চিত করুন। ↳ প্রকল্প বাস্তবায়নকারী ও পর্যবেক্ষণে জেন্ডার ভারসাম্য নিশ্চিত করুন। যেমন - কর্মসূচি বাস্তবায়ন ও পর্যবেক্ষণে নারী অধিকার, যুবসমাজ ও এলজিবিটিকিউআই নেটওয়ার্কের মতো সংগঠনগুলোকে জড়িত করুন। শিশুযত্ন সেবা সরবরাহ করে নারী ও অল্প বয়সী মায়েদের সমান অংশগ্রহণ নিশ্চিত করুন। নারী কর্মী এবং স্বেচ্ছাসেবীদেরকে নিয়োগ দিন। তাদেরকে প্রশিক্ষণ দিন এবং তাদের জন্য স্বাভাবিকভাবে কাজ করার উপযুক্ত পরিবেশ তৈরী করুন। ↳ সকল কর্মী ও স্বেচ্ছাসেবীর নিরাপত্তা নিশ্চিত করুন। যেমন - যেকোনো ধরনের হুমকি, উত্যক্ত করা এবং যৌন হয়রানির ব্যাপারে অভিযোগ জানাতে সহায়তা করুন। ↳ সবাই যেন তাদের জন্য নির্ধারিত সেবাগুলো এবং সেগুলো পাওয়ার উপায় জানে, সে ব্যাপারটি নিশ্চিত করুন। যেমন - সব ক্যাম্পের সিডাব্লিউসির (CWC) তথ্যকেন্দ্রগুলোতে আশ্রয়ন ও এনএফআই সহায়তা সেবা সম্পর্কিত তথ্য সরবরাহ করুন। ↳ শিশু-কিশোরবান্ধব, জেন্ডার-সংবেদনশীল, অন্তর্ভুক্তি ও গোপনীয়তা নিশ্চিত করে, এমন ধরনের অভিযোগ পদ্ধতি চালু করুন। যেমন - ফিডব্যাক ও অভিযোগ বাক্স ও হটলাইন সেবা চালু করুন। বয়স ও লিঙ্গভিত্তিক এফজিডি (FGD) করুন। ➢ প্রকল্পের কার্যক্রমের ফলে সবার মধ্যে যেকোনো ধরনের নেতিবাচক পরিবর্তন প্রতিনিয়ত পর্যবেক্ষণ করুন। যেমন - নিজেদের নির্ধারিত সূচক, আশ্রয়ন সেক্টরের নেতৃত্বাধীন এফজিডি, অন্যান্য জেন্ডার পর্যালোচনার (অংশীদারী সংস্থা, গিহা ওয়ার্কিং গ্রুপ ইত্যাদি) দিকে নজর রাখুন। ➢ সবাই আশ্রয়ন ও এনএফআই সামগ্রী সঠিকভাবে পাচ্ছে কিনা (নিজস্ব সূচকের ব্যবহার করুন) এবং তারা এতে সন্তুষ্ট কিনা, তা পর্যবেক্ষণ করুন। এক্ষেত্রে বয়স ও জেন্ডারভিত্তিক সন্তুষ্টি জরিপ পরিচালনা করুন। ➢ যৌথ সাড়াদান পরিকল্পনার (Joint Response Plan) জেন্ডার-

	নির্দিষ্ট সূচকে অবদান রাখুন। ➢ জেন্ডার সমতা কার্যক্রম পর্যালোচনা ও উন্নত করতে গ্যাম (GAM) অনলাইন টুল প্রয়োগ করুন।
অপারেশনাল পিয়ার রিভিউ এবং মূল্যায়ন	➢ আশ্রয়ন নির্মাণে সবার সুনির্দিষ্ট প্রয়োজন ও সক্ষমতা সম্পর্কিত তথ্য, লিঙ্গ ও বয়স পৃথকীকৃত তথ্য অন্য সেক্টরগুলোকে জানান। ↳ এ সংক্রান্ত তথ্য, প্রতিবেদন ও অন্যান্য উপকরণ পর্যালোচনা ও প্রচারে সহায়তা করতে পারে জেন্ডার হাব। ↳ সুবিধাভোগীদের কাছেও তথ্য পৌঁছে দিন। ➢ আশ্রয়ন সেক্টরে জেন্ডার-সংবেদনশীলতা চর্চার ফলে শেখা বিষয়গুলো অন্যদের সাথে আলোচনা করুন। ➢ আশ্রয়ন সেক্টরের প্রকল্পগুলো ভুক্তভোগী জনগোষ্ঠীর সবার কাছে পৌঁছেছে কিনা ও এক্ষেত্রে সম্ভাব্য ঘাটতিগুলো চিহ্নিত করা হয়েছে কিনা, তা পর্যালোচনা করুন। ➢ জেন্ডার সমতা এবং নারী ও মেয়েদের ক্ষমতায়নে (GEEWG) এই সেক্টরের কর্মসূচির অবদান পর্যালোচনায় গ্যাম (GAM) অনলাইন টুল ব্যবহার করুন।

আরও তথ্যের জন্য দেখুন:

- জেন্ডার প্রোফাইল ১ (1) (ডিসেম্বর ২০১৭) ও ২ (2) (মার্চ ২০১৯)
- জেন্ডার ব্রিফস ১ (1) (মার্চ ২০১৮), ২ (2) (মার্চ ২০১৮), ৩ (3) (এপ্রিল ২০১৮), ৪ (4) (জুন ২০১৮) ও ৫ (5) (জুলাই ২০১৮)
- জেন্ডার মেইনস্ট্রিমিঙের রিভিউ (Review)
- জেন্ডার-সংশ্লিষ্ট টার্মের সংজ্ঞা (Definition)
- জেন্ডার উইথ এজ মার্কার (Gender with Age Marker) অনলাইন টুল

যোগাযোগ:

আশ্রয়ন সেক্টরের জন্য জেন্ডার ফোকাল পয়েন্ট- *নির্ধারিত হয় নি*

জেন্ডার হাব – Tahmina Rahman (tahmina.rahman@unwomen.org) ও Joelle Charbonneau (Joelle.charbonneau@unwomen.org)

সংক্ষিপ্তসার তালিকা (ACRONYMS)			
এফজিডি	ফোকাস গ্রুপ ডিসকাশন	জেআরপি (JRP)	যৌথ সাড়াদান পরিকল্পনা
জিএএম (GAM)/ গ্যাম	জেন্ডার উইথ এজ মার্কার	এলজিবিটিকিউআই	হিজড়া, সমকামী, উভকামী ও অন্যান্য (লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ার ও ইন্টারসেক্স)
জিবিভি (GBV)	জেন্ডার ভিত্তিক সহিংসতা	পিএসইএ (PSEA)	যৌন শোষণ ও নির্যাতন প্রতিরোধ
জিআইএইচএ (GiHA)/ গিহা	জেন্ডার ইন হিউম্যানিটেরিয়ান এ্যাকশন	এসএডিডিডি (SADDD)	লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা সংক্রান্ত পৃথকীকরণ ডেটা
জিইইডব্লিউজি (GEEWG)	জেন্ডার সমতা এবং নারী ও মেয়েদের ক্ষমতায়ন		